গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চুনারুঘাট, হবিগঞ্জ
www.chunarughat.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬২৬.০০২.০২.০৪৬.২২-৬৬৫ | তারিখ: ০৭ মে ২০২৩ খ্রি.

বিষয়ঃ "শেখ রাসেল পদক ২০২৩" এর জন্য আবেদন আহবান প্রসঙ্গে।
সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকার ১০.০৪.২০২৩ খ্রি. তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-৩৪২ স্মারক নম্বর

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমরস্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। উক্ত দিবস উপলক্ষ্যে অনুর্ধব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বিভিন্ন ক্যাটাগরীতে 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করার সম্পর্কিত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো (ছায়ালিপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ব্যাপক প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ নির্দেশাবলী-০১(এক) ফর্দ

৩/৫/২৩
(সিদ্ধার্থ ভৌমিক)
উপজেলা নির্বাহী অফিসার
চুনারুঘাট, হবিগঞ্জ
ফোনঃ ০২৯৯৬-৬০৮৪০১
ফ্যাক্সঃ ০২৯৯৬-৬০৮৪৮৩
ইমেইল: unochunarughat@gmail.com

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চুনারুঘাট,হবিগঞ্জ, তাঁর নিয়ন্ত্রণাধীন সকল স্কুল/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রদানগণকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
০২। উপজেলা শিক্ষা অফিসার, চুনারুঘাট,হবিগঞ্জ, তাঁর নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রদানগণকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি, চুনারুঘাট, হবিগঞ্জ, তাঁকে চুনারুঘাট উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো।
০৪। চেয়ারম্যান, ১নং গাজীপুর/২নং আহম্মদাবাদ/৩নং দেওরগাছ/ ৪নং পাইকপাড়া/৫নং শানখলা/ ৬নং চুনারুঘাট/৭নং উবাহাটা/ ৮নং সাটিয়াজুরী/৯নং রাণীগাঁও/১০নং মিরাশি ইউপি, চুনারুঘাট, হবিগঞ্জ, ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৫। সভাপতি/সম্পাদক, চুনারুঘাট প্রেসক্লাব/চুনারুঘাট রিপোটার্স ইউনিটি/চুনারুঘাট সাংবাদিক ফোরাম/শায়েস্তাগঞ্জ নতুনব্রীজ আঞ্চলিক প্রেসক্লাব, চুনারুঘাট অনলাইন প্রেসক্লাব

অনুলিপিঃ সদয় অবগতির জন্য;

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট, হবিগঞ্জ।

## 'শেখ রাসেল পদক ২০২৩' এর জন্য আবেদন আহ্বান

**বিস্তারিত:**

আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস-২০২৩' উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর/কিশোরী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ-উদ্দীপনা যোগানো ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করার নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে

**আবেদনের লিংকঃ**

**www.award.sheikhrussel.gov.bd**

**পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ**

১. শিক্ষা (ব্যক্তি)

২. বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি)

৩. ক্রীড়া (ব্যক্তি)

৪. প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি)

৫. শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি)

৬. ক্ষুদে প্রোগ্রামার (ব্যক্তি)

৭. ক্ষুদে উদ্ভাবক (ব্যক্তি)

৮. ক্ষুদে লেখক (ব্যক্তি)

৯. ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান)

১০. ডিজিটাল এক্সিলেন্স (প্রতিষ্ঠান)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-৬৪২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ / ১০ এপ্রিল ২০২৩

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২৩' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে '**শেখ রাসেল পদক ২০২৩**' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ১১ এপ্রিল |
| আবেদন দাখিল | ১৫ এপ্রিল - ২০ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ২১ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২০, ২০২১ ও ২০২২ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৩' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

১০/০৪/২০২৩

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd